

Quad Senior Officials Meeting

August 12, 2021

কোয়ড বরিষ্ঠ আধিকারিকদের বৈঠক

অগাস্ট 12, 2021

ভারতের বিদেশ মন্ত্রকের, অস্ট্রেলিয়ার পররাষ্ট্র বিষয়ক এবং বণিজ্য মন্ত্রকের, জাপানের পররাষ্ট্র বিষয়ক মন্ত্রকের এবং আমেরিকা যুক্তরাষ্ট্রের স্টেট ডিপার্টমেন্টের বরিষ্ঠ আধিকারিকরা তাদের পরামর্শ অব্যাহত রাখার জন্য 12 ই অগাস্ট একটি ভিডিও কনফারেন্সের মাধ্যমে মিলিত হয়েছেন। ফেব্রুয়ারি মাসে কোয়ড বিদেশ মন্ত্রীদের বৈঠকের পরে মার্চ 2021-এ ঐতিহাসিক প্রথম শীর্ষ নেতৃত্বের বৈঠক অনুষ্ঠিত হয়েছিল। সেই বৈঠকে সমসাময়িক প্রতিবন্ধকতাগুলির মোকাবিলা করার জন্য একটি ইতিবাচক দৃষ্টিভঙ্গি এবং অঙ্গীকার গৃহীত হয়েছিল।

এই আলোচনাটি ইন্দো-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে COVID-19 -এর সুদূর প্রসারী প্রভাবের উপরে দৃষ্টিভঙ্গির বিনিময় এবং অতিমারি নিয়ন্ত্রণে সহযোগী প্রচেষ্টার গুরুত্ব, স্বাস্থ্য সুরক্ষাকে সুনিশ্চিত করা এবং অর্থনীতির দ্রুত পুনরুদ্ধারের দৃষ্টিভঙ্গির বিনিময়ের সুযোগ করে দিয়েছে। এই প্রসঙ্গে তারা, নেতৃত্ব দ্বারা ঘোষিত প্রতিশোধক উৎপাদন এবং সমান অধিকারের উদ্দেশ্যে কোয়ড প্রতিশোধক উদ্যোগের প্রগতির পর্যালোচনা করেছেন।

সাধারণ স্বার্থ ও স্থিতিস্থাপক সরবরাহ শৃঙ্খলে সহযোগিতার ক্ষেত্রে সম্ভাবনার অনুসন্ধান, উদ্বৃত্ত এবং জটিল প্রযুক্তি, সামুদ্রিক সুরক্ষা, সাইবার সুরক্ষা, সন্ত্রাসবাদ বিরোধিতা, পরিকাঠামো ও সংযোগ, উচ্চশিক্ষা, জলবায়ু পরিবর্তন, মানবিক সাহায্য ও বিপর্যয় ত্রাণ, বিষয়গুলি নিয়ে আধিকারিকরা আলোচনা করেছেন।

তাদের বন্ধিত মূল্যবোধ ও আদর্শকে স্মরণ করে, আধিকারিকরা আন্তর্জাতিক আইনের প্রতি সম্মানের উপরে ভিত্তি করে একটি খোলা, উন্মুক্ত, সমৃদ্ধিশালী ও একত্রিত ইন্দো-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের প্রতি তাদের প্রতিশ্রুতিকে পুনরায় সুনিশ্চিত করেছেন। তারা আসিয়ান কেন্দ্রিকতা, ইন্দো-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে আসিয়ান দৃষ্টিভঙ্গি ও আঞ্চলিক স্থাপত্য রচনায় আসিয়ান নেতৃত্বাধীন প্রক্রিয়াগুলির প্রতি তাদের দৃঢ় সমর্থনের কথা পুনরায় ব্যক্ত করেছেন।

আধিকারিকরা নিয়মিত পরামর্শকে অব্যাহত রাখা এবং এই বছরের শেষদিকে বিদেশমন্ত্রীদের বৈঠকের প্রতি উন্মুখ হয়ে আছেন।

নিউ দিল্লি

অগাস্ট12,2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.